# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার),ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,
E-mail :chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd


স্মারকঃ ময়শিবো/পনি/মাধ্যমিক /১০/০৯/২০/৪১২ তারিখঃ ২৫/১০/২০২১খ্রি.

বিষয় : <u>২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন সংক্রান্ত ।</u>

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা আগামী ১৪ নভেম্বর ২০২১খ্রি. তারিখ থেকে শুরু হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু এবং সুন্দরভাবে পরিচালনার নিমিত্তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২১ পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী প্রতিটি কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠন করা আবশ্যক। অতএব তাঁর আওতাধীন জেলা সদর/উপজেলার (এসএসসি) পরীক্ষা-২০২১ এর অনুমোদিত প্রত্যক কেন্দ্রের জন্য আলাদা আলাদাভাবে অনধিক ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কেন্দ্র কমিটি গঠন করে তা অনুমোদনের লক্ষে আগামী ৩১/১০/২০২১খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর (ইমেইল: conbisemym@gmail.com) **pdf** ফরমেটে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**<u>'কেন্দ্র কমিটি' নিম্নরূপভাবে গঠন করতে হবে :</u>**

১. <u>চেয়ারম্যান</u> : জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা।

২. <u>সদস্যবৃন্দ</u> :

(ক) জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য)/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার ক্ষেত্রে)।

(খ) সরকারি মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক-১ জন ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক-১ জন। সরকারি মাধ্যমিক বিদ্যালয় না থাকলে বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের-২(দুই) জন প্রধান শিক্ষক সদস্য হতে পারবেন। কেন্দ্রের আওতাধীন দুই এর অধিক প্রতিষ্ঠান হলে বেতন স্কেল ও যোগদানের তারিখ অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে দুই জন প্রধান শিক্ষক কমিটিতে অন্তর্ভুক্ত হবেন।

(গ) কেন্দ্র সচিব কেন্দ্র কমিটির সদস্য সচিব হবেন।

৩. <u>কেন্দ্র সচিব</u> :

কমিটি নিম্ন বর্ণিত নিয়মে কেন্দ্র সচিব নির্বাচিত করবেন :

বোর্ড কর্তৃক অনুমোদিত পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র সচিব হবেন। কোন কারণে কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হতে না পারলে কেন্দ্র কমিটির চেয়ারম্যান এর অনুমোদনক্রমে কেন্দ্রের আওতাধীন অন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের মধ্য থেকে দক্ষ ও অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোন কেন্দ্রে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না। এছাড়া মন্ত্রণালয়/বোর্ড/কোন উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষা পরিচালনার দায়িত্বে অবহেলায় অভিযুক্ত, বিধি মোতাবেক চাকরির মেয়াদ শেষ অথবা চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক কেন্দ্র সচিব বা কেন্দ্র কমিটিতে অন্তর্ভূক্ত হতে পারবেন না।

৪. <u>কেন্দ্র সচিবের দায়িত্ব</u> :

ক. ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক গঠিত কেন্দ্র কমিটির সদস্যগণের নাম, পদবি ও মোবাইল নম্বর পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ নিশ্চিত করবেন।

খ. কেন্দ্র কমিটির অনুমোদনক্রমে তিনি পরীক্ষা পরিচালনার জন্য (সংযুক্ত ছক অনুযায়ী) অনধিক ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্র বিদ্যালয়ের শিক্ষকদের সমন্বয়ে এ কমিটি গঠিত হবে। মূল কেন্দ্রের জন্য ১ জন হল সুপার, ভেন্যু কেন্দ্র থাকলে প্রত্যেক ভেন্যুর জন্য ১ জন সহকারী কেন্দ্র সচিব (সংশ্লিষ্ট ভেন্যু প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক) ও ১ জন হল সুপার এবং দাপ্তরিক কাজে সহযোগিতার জন্য তৃতীয় ও চতুর্থ শ্রেণির

কর্মচারী নিয়োগ করবেন। প্রত্যবেক্ষক কাজে শিক্ষকগণকে নির্বাচন করার পূর্বে ভারপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে অবশ্যই আলোচনা করতে হবে (হল সুপার নিয়োগের ক্ষেত্রে মূল ভেন্যু/কেন্দ্র প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষককে অগ্রাধিকার দেয়া যেতে পারে)।

গ. তিনি কেন্দ্রে নিযুক্ত সহকারী কেন্দ্র সচিব, হল সুপার, কক্ষ প্রত্যবেক্ষক ও অন্যান্য কর্মচারীগণকে পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সরবরাহকৃত তথ্যাদির উপর ভিত্তি করে পরীক্ষা পরিচালনার যাবতীয় নিয়মাবলী জ্ঞাত করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০২(দুই) দিন পূর্বে একটি প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।

৫. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা :

কেন্দ্র কমিটির চেয়ারম্যান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন। কোন অনিবার্য কারণে চেয়ারম্যান ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে কর্তব্য পালন করতে না পারলে তিনি একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তাকে অতিরিক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত করবেন। এরূপ নিযুক্তির ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, কোন বিভাগের কোন উচ্চপদস্থ কর্মকতা যেন কোন নিম্নপদস্থ কর্মকর্তার অধীনস্থ না হন।

**বি:দ্র: কেন্দ্র ফি বাবদ বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। পরীক্ষা পরিচালনার প্রয়োজনীয় কাগজপত্র (অলিখিত উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, প্রবেশপত্র, খাম ও কার্টুন ব্যতীত) বোর্ডের ওয়েবসাইট থেকে প্রিন্ট করে নিতে হবে।**

প্রাপক ঃ জেলা প্রশাসক,
ময়মনসিংহ/ নেত্রকোণা/ শেরপুর/ জামালপুর

স্বাঃ
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোনঃ০৯১-৫৩৩৩৫
E-mail:conbisemym@gmail.com

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার , ময়মনসিংহ বিভাগ
৩। পুলিশ সুপার, ময়মনসিংহ/ নেত্রকোণা/ শেরপুর/ জামালপুর
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ/ নেত্রকোণা/ শেরপুর/ জামালপুর জেলার সকল উপজেলা
৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এসএসসি পরীক্ষা-২০২১ এর অনুমোদিত কেন্দ্র সচিব ও কেন্দ্র সমূহের ভেন্যু স্কুল এন্ড কলেজ/ বিদ্যালয়
৬। অফিস কপি।

২৫/১০/২১

(মোঃ কামাল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

## মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি)- ২০২১
### পরীক্ষা পরিচালনা কমিটি
(পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালার ৪.২ ধারা মোতাবেক)

কেন্দ্র বিদ্যালয়ের নাম ঃ

**কেন্দ্রের নাম ও কোড ঃ**

উপজেলা ঃ জেলা ঃ

**কেন্দ্র সচিবের নাম ও পদবী ঃ**

ভেন্যু বিদ্যালয়ের নাম ঃ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ মোবাইল নম্বর ঃ

পরীক্ষা পরিচালনা কমিটি

| ক্রমিক নং | নাম | মূল পদবী | কেন্দ্র কমিটিতে পদবী | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১ | | | সহকারী কেন্দ্র সচিব (ভেন্যুর জন্য প্রযোজ্য) | |
| ২ | | | হল সুপার | |
| ৩ | | | - | |
| ৪ | | | - | |
| ৫ | | | - | |

উল্লেখ্য যে সকল কেন্দ্র ছাত্রসংখ্যা বেশী হওয়ার কারণে একাধিক হাই স্কুলকে ভেন্যু হিসাবে ব্যবহার করে তাঁরা প্রতি ভেন্যুর জন্য প্রয়োজনে আলাদা **পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কিন্তু যারা নিজ শিক্ষার্থীদের জন্য মূল কেন্দ্রের অভ্যন্তরে অবস্থিত প্রাথমিক** বিদ্যালয়/মাদরাসা/ কলেজকে ভেন্যু হিসাবে ব্যবহার করেন, সেখানকার জন্য পৃথক কোন **পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করা যাবে না।**

অনুমোদিত

ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি কেন্দ্র সচিব

[বিঃ দ্রঃ উল্লিখিত ছক মোতাবেক ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করে কেন্দ্র সচিবগণের মতবিনিময় সভার দিন ময়মনসিংহ শিক্ষাবোর্ডের মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে]